ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪৫৫৫
আগরতলা, ১১ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

**মোবাইল টাওয়ারের জন্য বন দপ্তরের অধিকৃত জমি বিনামূল্যে ব্যবহারের জন্য বিএসএনএল-কে অধিকার দেওয়া হয়েছে ঃ তথ্য প্রযুক্তি মন্ত্রী**

রাজ্যের যে সমস্ত প্রত্যন্ত এলাকাতে ইন্টারনেট সংযোগের সমস্যা আছে সেই সব এলাকাতে ইন্টারনেটের সমস্যা সমাধানে সরকার আন্তরিকভাবে কাজ করছে। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ বিরোধী দলনেতা অনিমেষ দেববর্মার এক প্রশ্নের লিখিত উত্তরে তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় এই তথ্য জানান। তথ্য প্রযুক্তি দপ্তরের মন্ত্রী শ্রী সিংহরায় জানান, রাজ্যের সমস্ত প্রত্যন্ত এলাকায় ইন্টারনেট সেবা প্রদান করার জন্য ভারত সরকার দ্বারা ইউনিভারসেল সার্ভিস অব লিগেশন ফান্ড (ইউএসওএফ) এর অর্থ সাহায্যে ৪জি স্যাচুরেশন প্রকল্প শুরু করা হয়েছে। প্রকল্পটি রাজ্যে বিএসএনএল বাস্তবায়ণ করবে বলে ঠিক হয়েছে এবং এখন পর্যন্ত বিএসএনএল নতুন ৪জি মোবাইল টাওয়ারের জন্য ১২৫টি সাইট এবং পূর্ববর্তী টাওয়ারগুলিকে ৪ জি আপগ্রেটেশনের জন্য ৮টি স্থান চিহ্নিত করেছে।

বিধানসভায় তথ্য প্রযুক্তি মন্ত্রী জানান, রাজ্য সরকার এই প্রকল্প বাস্তবায়ণ করতে ২০০০ বর্গফুট সরকার/বন দপ্তরের অধিকৃত জমি বিনামূল্যে বিএসএনএল-কে অধিকার দিয়েছে। তিনি আরও জানান, চলতি বছরের মার্চ মাসের মধ্যে ৪ জি স্যাচুরেশন প্রকল্পে টাওয়ার নির্মাণের কাজ শেষ হবে বলে বিএসএনএল কর্তৃপক্ষ জানিয়েছেন। যে সমস্ত গ্রামে মোবাইল এবং ইন্টারনেট পরিষেবা পৌছায়নি সেই গ্রামগুলি চিহ্নিত করার জন্য অনুসন্ধান প্রক্রিয়া ধারাবাহিকভাবে এগিয়ে চলছে। বিভিন্ন রাজ্য এবং কেন্দ্রীয় প্রকল্পের মাধ্যমে সেই সব গ্রামে টেলিযোগাযোগ এবং ইন্টারনেট সেবা সরবরাহ করা হবে।

*******